যুগান্তর

তারিখ 19 JAN 2004
পৃষ্ঠা ২ কলাম ৫

ঢাবিতে সেমিনারে বক্তারা

আর্থিক সুবিধা নেয়ার জন্যই শিক্ষকরা রাজনীতি করেন

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

শিক্ষক রাজনীতি নিয়ে আয়োজিত সেমিনারে বক্তারা বলেছেন, বাংলাদেশে শিক্ষকরা এখন ক্লাস-পরেকার চেয়ে বাইরের কাজ করতেই বেশি স্বাচ্ছন্দ্যবোধ করেন।

ফলে দেশে শিক্ষার মান দিন দিন কমে যাচ্ছে। তারা বলেন, আর্থিক সুবিধা নেয়ার জন্যই শিক্ষকরা রাজনীতি করেন। শিক্ষকদের এ ধরনের রাজনীতির ধারা থেকে বের হয়ে আদর্শিক রাজনীতির পথে আসতে হবে। যাতে দেশ এবং শিক্ষার জন্য ভালো ফল বয়ে নিয়ে আসতে পারে। শুক্রবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এক সেমিনারে বক্তারা এসব কথা বলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি 'বাংলাদেশে শিক্ষক রাজনীতি : উচ্চশিক্ষা অর্জন, সংকট ও সম্ভাবনা' শীর্ষক এ সেমিনারের আয়োজন করে। সাংবাদিক সমিতির সভাপতি মাহবুব রনির সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তৃতা করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, ইতিহাস বিভাগের অধ্যাপক ড. সৈয়দ আনোয়ার হোসেন, বাংলা বিভাগের অধ্যাপক ড. আবুল কাশেম ফজলুল হক, দর্শন বিভাগের অধ্যাপক ড. আবিদুল ইসলাম, লেখক ও কলামিস্ট সৈয়দ আবুল মকসুদ, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক জহির উদ্দিন আহমদ, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মামুন আহমেদ প্রমুখ। এছাড়াও অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিন্ডিকেট সদস্য অধ্যাপক ড. তাজমেরী এসএ ইসলাম, জগন্নাথ হলের প্রভোস্ট অধ্যাপক ড. আহতাজুজ্জামান, জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আকতার উদ্দিন, শিক্ষক সমিতির সহ-সভাপতি অধ্যাপক ড. মোঃ আকতার হোসেন খান, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. আব্দুস সালাম, জিয়া হলের প্রভোস্ট অধ্যাপক ড. আ ব ম মারুফ, জগন্নাথ হলের প্রভোস্ট অধ্যাপক ড. অজয় কুমার, শিক্ষক সমিতির সাবেক সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম, অধ্যাপক ড. আবুল হাসনাত, ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের মহাসচিব রকিব উদ্দিন আহমেদ, ফিল্ম এন্ড টেলিভিশন ইন্সটিটিউট বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শরীফ উল্লাহ ভূঁইয়া, সাংবাদিক সমিতির সাবেক সভাপতি বোরহানুল হক সম্রাট, নুসরাত আহমেদ মামুন, শাহজাহান এড. ছাত্রলীগের যুগ্ম সম্পাদক শামসুল কবির রাহাত, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মেহেদী হাসান মোল্লা, সাধারণ সম্পাদক ওমর শরীফ প্রমুখ।